

২১/১০/২০১৮

ফরম পুরণের বিজ্ঞপ্তি
বিবিএ পাট-৪, ৭ম সেমিস্টার-২০১৮
শিক্ষাবর্ষ: ২০১৪-২০১৫

এতদ্বারা আই.এস.টির বিবিএ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ২২ অক্টোবর ২০১৮ ইং তারিখ হতে ০৮ নভেম্বর ২০১৮ ইং তারিখের মধ্যে বিবিএ পাট-৪, ৭ম সেমিস্টার ২০১৮ পরীক্ষার অনলাইনে ফরম উত্তোলন ও আই.এস.টিতে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে অনলাইনে পূরনকৃত ফরম হিসাব শাখায় জমাদানের পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পুরণ করতে পারবেনা।

ফরম পুরনের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পুরন এবং কলেজে জমাদানের শেষ তারিখ: ২২/১০/২০১৮ থেকে ০৮/১১/২০১৮ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/cse) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরনকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরনকৃত ফরমটিতে উপরের অংশে ক্লাশ রোল লিখে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

ফরম পুরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহনযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি, কেন্দ্র ফি ২৫০০/- টাকা এবং মডেল টেস্ট পরীক্ষার ফি ৩০০/- সহ সর্বমোট ২৮০০/-টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: ২৫০০/- টাকা। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া উল্লিখিত শিক্ষাবর্ষের বাহিরে রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ৭৫০০/- টাকা ফি প্রদান করে বিশেষ মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(মেহেদী হাসান)

কোর্স কো-অর্ডিনেটর

৭ম সেমিস্টার, ব্যবসায় প্রশাসন বিভাগ

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। পরিচালক, আই.এস.টি।
- ২। উপ-পরিচালক, আই.এস.টি।
- ৩। বিভাগীয় প্রধান, ব্যবসায় প্রশাসন বিভাগ
- ৪। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৫। হিসাব শাখা, আই.এস.টি।
- ৬। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৭। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৮। সিনিয়র অফিস সহকারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।